**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল বিশ্ব সপ্তাহের ইতি টানতে বিশ্ব দিবসের ইস্তেহার জারি করলেন

***অর্থবছর 2023 এর বাজেটে গভর্নর হোকলের ঐতিহাসিক পরিবেশ সংক্রান্ত বিনিয়োগের অনুবর্তী***

***ইস্তেহার পড়ুন এখানে***

গভর্নর ক্যাথি হোকল আজকে বিশ্ব সপ্তাহের (Earth Week) ইতি টানতে বিশ্ব দিবসের (Earth Day) একটি ইস্তেহার জারি করলেন। এটি অর্থবছর 2023 এর বাজেটে পরিচ্ছন্ন শক্তির অবকাঠামো এবং জলবায়ু স্থিতিস্থাপকতার জন্য গভর্নরের সাহসী, নজিরবিহীন বিনিয়োগের, এবং একইসাথে পুরো স্টেটের পানি অবকাঠামো উন্নয়নে গভর্নরের 638 মিলিয়ন মার্কিন ডলার অনুদানের ঘোষণার অনুবর্তী। এছাড়াও গভর্নর হোকল নিউ ইয়র্ক সিটিতে নবায়নযোগ্য শক্তি সরবরাহের চুক্তির অনুমোদনের এবং মাউন্ট ভার্ননের সুপ্রাচীন পানি ও বর্জ্য ব্যবস্থার অবকাঠামো প্রতিস্থাপনে 150 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের ঘোষণা করেছেন, যা সকল সম্প্রদায়ের জন্য পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার অগ্রসর করার ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটের অঙ্গীকারকে আরেকবার প্রমাণ করে।

"নিউ ইয়র্ক জলবায়ুর বিরুদ্ধে লড়াইয়ে দেশের শীর্ষে আছে, এবং এই বছর, আমরা কথা দিয়ে না, বরং কাজ দিয়ে বিশ্ব দিবস উদযাপন করছি," **গভর্নর হোকল বলেন।** "অফশোর বায়ু, জলবায়ুবান্ধব বাড়ি, নিঃসরণমুক্ত স্কুল বাসে বিনিয়োগ, এবং পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু, এবং সবুজ কর্মসংস্থান এনভায়রনমেন্টাল বন্ড অ্যাক্ট (Clean Water, Clean Air, and Green Jobs Environmental Bond Act) সম্প্রসারণ করা হলো এমন কিছু উপায় যার দ্বারা নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তনের অস্তিত্বগত ঝুঁকির মোকাবেলা করছে এবং আমাদের স্টেটকে আরো সবুজ ও টেকসই করছে। আমাদেরকে অবশ্যই আমাদের গ্রহকে আমাদের সন্তানদের এবং তাদের সন্তানদের জন্য আরো ভালো অবস্থায় রেখে যেতে হবে, এবং নিউ ইয়র্কে আমরা সেই দায়িত্বকে গুরুত্বসহকারে গ্রহণ করেছি।"

গভর্নর হোকল 22 এপ্রিল বার্ষিক বিশ্ব দিবস উদযাপনের আগের ও পরের দিনগুলি, অর্থাৎ বিশ্ব সপ্তাহ উদযাপনে এই ইস্তেহারটি জারি করেছেন। ইস্তেহারটির একটি পূর্ণ কপি দেখা যাবে এখানে।

এই সপ্তাহের শুরুর দিকে, গভর্নর ক্যাথি হোকল ঘোষণা করেছেন যে স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন (Environmental Facilities Corporation, EFC) স্টেটজুড়ে জনস্বাস্থ্য রক্ষা করে বা পানির মান উন্নত করে এমন 199টি পানি অবকাঠামো প্রকল্পের জন্য মিউনিসিপ্যালিটি এবং সরকারি কর্তৃপক্ষগুলিকে 638 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করবে। প্রায় 601 মিলিয়ন মার্কিন ডলার পানি অবকাঠামো উন্নয়ন অ্যাক্ট (Water Infrastructure Improvement Act, WIIA) অনুদান এবং 37 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ফেডারেল ভর্তুকি মিলে আনুমানিক মোট 1.6 বিলিয়ন মার্কিন ডলারের অবকাঠামো বিনিয়োগকে সমর্থন করবে। অনুদানগুলি নিউ ইয়র্কের অর্থনীতিতে 35,000 কর্মসংস্থান যোগ করবে এবং করদাতাদের আনুমানিক 1.4 বিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করবে বলে প্রত্যাশা করা যাচ্ছে। এই ঘোষণাটি দ্বারা সর্বকালের সর্ববৃহৎ পানি অবকাঠামো উন্নয়ন অ্যাক্ট (Water Infrastructure Improvement Act, WIIA) অনুদান প্রদান করা হলো।

এছাড়াও গভর্নর ঘোষণা করেছেন যে স্টেটের পাবলিক সার্ভিস কমিশন (State Public Service Commission, PSC) ক্লিন পাথ নিউ ইয়র্ক এলএলসির (Clean Path New York LLC) সাথে এর ক্লিন পাথ NY (Clean Path NY, CPNY) প্রকল্পের জন্য এবং হাইড্রো কুইবেক এনার্জি সার্ভিসেসের (Hydro Quebec Energy Services, H.Q.) সাথে এর চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস (Champlain Hudson Power Express, CHPE) প্রকল্পের জন্য চুক্তির অনুমোদন দিয়েছে, যাতে আপস্টেট নিউ ইয়র্ক এবং কানাডা থেকে নিউ ইয়র্ক সিটি পর্যন্ত পরিচ্ছন্ন, নবায়নযোগ্য সৌর, বায়ু এবং জলবিদ্যুৎ বিদ্যুৎ প্রদান করা যায়। স্টেটের এধরনের প্রথম নবায়নযোগ্য শক্তি এবং ট্রান্সমিশন প্রকল্পসমূহ স্টেটব্যাপী 5.8 বিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত সামগ্রিক সামাজিক সুবিধা প্রদান করবে বলে প্রত্যাশা করা যাচ্ছে যার মধ্যে থাকবে গ্রিনহাউজ হ্যাস হ্রাস এবং বায়ুর মান উন্নয়ন, এবং পুরো স্টেটে 8.2 বিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত অর্থনৈতিক বিকাশ, যার মধ্যে থাকবে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য বিনিয়োগ।

এছাড়াও গভর্নর হোকল একটি ঐতিহাসিক 150 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ এবং মাউন্ট ভার্ননের মেয়র শন প্যাটারসন-হাওয়ার্ড এবং ওয়েস্টচেস্টার কাউন্টি নির্বাহী জর্জ ল্যাটিমারের সাথে একটি উদাহরণ সৃষ্টিকারী ত্রিমুখী অংশীদারিত্ব ঘোষণা করেছেন, যাতে কয়েক দশক ধরে মাউন্ট ভার্নন সিটিকে জর্জরিত করে রাখা দীর্ঘদিন ধরে হয়ে আসা পানির অবকাঠামো এবং সংশ্লিষ্ট জনস্বাস্থ্য সমস্যা সমাধানে কাজ অবিলম্বে অগ্রসর করা যায়। ঘোষণাটিতে অন্তর্ভুক্ত আছে 'থার্ড স্ট্রিট বর্জ্য প্রকল্পের (Third Street Sewer Project)' কাজ অবিলম্বে শুরু করার জন্য 7 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেন, প্রকল্পটির কাজ শেষ হলে এটি কাছের 500 গৃহস্থালির জন্য নির্ভরযোগ্য বর্জ্য পানির সেবা নিশ্চিত করবে, যাদের এখন অস্থায়ী পাম্প এবং পর্যাপ্ত বর্জ্য পানি সংগ্রহ করা নিশ্চিত করার জন্য রাস্তায় বানানো একটি কাজ চালানোর মতো সাময়িক ব্যবস্থা দ্বারা সেবাদান করা হয়।

গভর্নর হোকল রেনসেলার মালভূমি জোটের (Rensselaer Plateau Alliance) দ্বারা অধিগ্রহণের পর রেনসেলার মালভূমি (Rensselaer Plateau) সংলগ্ন 1,175 একর ইকোলোজিক্যালভাবে গুরুত্বপূর্ণ বনভূমি সুরক্ষিত রাখার ঘোষণা প্রদান করেন, এছাড়াও জোটটি সপ্তাহের শুরুর দিকে ঘোষিত 3.3 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল প্রাপ্ত 51টি অলাভজনক ল্যান্ড ট্রাস্টের অনুদানপ্রাপ্তদেরও একটি।

এই মাসের শুরুর দিকে, গভর্নর ক্যাথি হোকল 2023 অর্থবছরের বাজেটের বিনিয়োগ ও পরিবেশ-সংক্রান্ত উদ্যোগসমূহের ব্যাপারে বিস্তারিত আলোকপাত করেছেন।

## সম্প্রসারিত নির্মল পানি, নির্মল বায়ু, ও সবুজ কর্মসংস্থানের জন্য পরিবেশগত বন্ড আইন

এই প্রণীত বাজেটে মাইলফলকস্বরূপ নির্মল পানি, নির্মল বায়ু, ও সবুজ কর্মসংস্থানের জন্য পরিবেশগত বন্ড আইনের জন্য মোট 4.2 বিলিয়ন ডলার বরাদ্দ করতে অতিরিক্ত 1.2 বিলিয়ন ডলার অনুমোদন করা হয়েছে। এবছরের শেষ নাগাদ ভোটারদের গ্রহণ করতে যাওয়া এই ঐতিহাসিক উদ্যোগ নিউ ইয়র্ককে সুপেয় নিরাপদ পানি প্রদান করা; পানির গুরুত্বপূর্ণ অবকাঠামোতে বিনিয়োগ করা; পরিবেশের গুরুত্বপূর্ণ আবাসস্থলগুলো পুনরুদ্ধার; বন্যার ঝুঁকি কমানো; আমাদের আউটডোর জায়গা ও স্থানীয় খামারগুলো সংরক্ষণ; এবং বায়ু দূষণ কমিয়ে আনবে, কার্বন নির্গমন কমাবে এবং জলবায়ু-জনিত কারণে ঘটতে থাকা গুরুতর বিরূপ আবহাওয়া ও বন্যা মোকাবেলার জন্য নিউ ইয়র্কের কমিউনিটিগুলোর সক্ষমতা উন্নত করবে এমন জলবায়ু পরিবর্তন প্রশমন ও অভিযোজন প্রকল্পগুলোতে বিনিয়োগ করার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। এছাড়াও বন্ড অ্যাক্টটি পরিচ্ছন্ন সবুজ স্কুল (Clean Green Schools) উদ্যোগে একটি উল্লেখযোগ্য বিনিয়োগ সমর্থন করবে যা সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিতে অবস্থিত প্রতিটি সরকারি স্কুলে পৌঁছে যাবে।

## পরিবেশ বিষয়ক উদ্যোগসমূহ

নির্মল পানি, নির্মল বায়ু, ও সবুজ কর্মসংস্থানের জন্য পরিবেশগত বন্ড আইনের পাশাপাশি এই বাজেটে জলবায়ু পরিবর্তন প্রশমন ও অভিযোজন প্রচেষ্টাসমূহের ক্ষেত্রে সহায়তা করা, টেকসই কৃষির প্রসারের জন্য কৃষি সংস্থানগুলোর উন্নতি করা, আমাদের পানির উৎসগুলো সুরক্ষিত রাখা, সংরক্ষণের প্রচেষ্টা এগিয়ে নেয়া, এবং নিউ ইয়র্কবাসীদের জন্য চিত্তবিনোদনের সুযোগ-সুবিধা প্রদান করার জন্য পরিবেশ সুরক্ষা তহবিলে (Environmental Protection Fund) রেকর্ড পরিমাণ 400 মিলিয়ন ডলার প্রদান করা হচ্ছে। সেইসাথে, নির্মল পানির অবকাঠামোর জন্য 500 মিলিয়ন ডলারের তহবিল অন্তর্ভুক্ত করা হয়েছে যা স্টেটের নির্মল পানির জন্য মোট বিনিয়োগের পরিমাণ 2017 সাল থেকে 4.5 বিলিয়ন ডলারে পরিণত করেছে।

পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) তহবিল 15 মিলিয়ন ডলার বৃদ্ধি পাবে। এই বর্ধিত অর্থ নিউ ইয়র্কবাসীদেরকে প্রকৃতির সঙ্গে সংযোগ করিয়ে দেওয়া অ্যাডভেঞ্চার NY (Adventure NY) কর্মসূচির অংশ হিসেবে স্টেটের ভূমি উন্নয়ন, ক্যাম্পগ্রাউন্ডগুলোর পুনর্বাসন, এবং এটির চিত্তবিনোদনমূলক ফ্যাসিলিটিগুলো আপগ্রেড করার জন্য ব্যয় হবে। এছাড়া এই তহবিল বাঁধ, জলাভূমি পুনরুদ্ধার, স্টেটের ভূমি, ও মাছের হ্যাচারি সহ স্টেটের অবকাঠামোর স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত মেরামতের ব্যয়ও প্রদান করবে। প্রণীত এই বাজেটে স্টেটের-মালিকানাধীন কঙ্কলিংভিল বাঁধের (Conklingville Dam) অবকাঠামো উন্নয়নের জন্য অতিরিক্ত 20 মিলিয়ন ডলারের অর্থায়নও অন্তর্ভুক্ত রয়েছে।

নিউ ইয়র্কের প্রাকৃতিক উৎসসমূহকে সংরক্ষণের জন্য গভর্নরের অঙ্গীকারের সাথে সঙ্গতি রক্ষা করে এই বাজেটে স্টেটের জলাভূমি সুরক্ষা কর্মসূচির অপরিহার্য উন্নয়ন করা হয়েছে, যা

অতিরিক্ত আনুমানিক এক মিলিয়ন একর অরক্ষিত জলাভূমির বন্যপ্রাণীদের আবাসস্থল সুরক্ষার আওতায় নিয়ে আসবে এবং নিউ ইয়র্ককে জলবায়ু পরিবর্তনের ফলে দেখা দেয়া বর্ধিত বন্যা ও গুরুতর ঝড়ের সাথে মানিয়ে নিতে সাহায্য করবে।

এই বাজেটে নিউ ইয়র্ক স্টেটের সফল ব্রাউনফিল্ড ক্লিনআপ কর্মসূচির (Brownfield Cleanup Program, BCP) সম্প্রসারণ ও বর্ধিতকরণ অন্তর্ভুক্ত রয়েছে যেটি 2022 সালের ডিসেম্বর মাসে মেয়াদোত্তীর্ণ হয়ে যাওয়ার কথা ছিল। এই কর্মসূচি 10 বছরের জন্য পুনরায় অনুমোদিত হয়েছে। এই বাজেটে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে ক্লিনআপ কার্যক্রমের জন্য প্রণোদনা প্রদান করার মাধ্যমে কর্মসূচির উন্নয়ন ঘটানো হয়েছে। সেইসাথে, এই কর্মসূচি BCP সম্পত্তি কর ক্রেডিটের জন্য উপযুক্ত সাশ্রয়ী আবাসন কর্মসূচির পরিধি সম্প্রসারণ করার মাধ্যমে সাশ্রয়ী আবাসন উন্নয়নের জন্য গভর্নর হোকলের অঙ্গীকার পুনরায় নিশ্চিত করেছে, যা অতি প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসনের পাশাপাশি ব্রাউনফিল্ডগুলোর পুনঃউন্নয়নের জন্য প্রণোদনা প্রদান করতে অত্যন্ত গুরুত্বপূর্ণ সুযোগ-সুবিধা প্রদান করবে। এছাড়াও, BCP এখন BCP-চালিত পুনঃউন্নয়নের প্রতি জোর দেওয়া এব স্টেটের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্যসমূহ পূরণে সাহায্য করার জন্য নতুন কর ক্রেডিট দিয়ে নির্দিষ্ট কিছু নবায়নযোগ্য জ্বালানি ফ্যাসিলিটির সাইট উন্নয়নের জন্য উৎসাহিত করছে।

**শূন্য নির্গমনকারী স্কুল বাস**

স্কুলগামী বয়সের নিউ ইয়র্কবাসীদের জন্য বায়ুর মান উন্নত করতে, এই স্টেট বাজেটে 2027 সালের মধ্যে ক্রয়কৃত সকল নতুন স্কুল বাস শূন্য-নির্গমনকারী হওয়া এবং 2035 সালের মধ্যে সড়কে চলাচলকারী সব স্কুল বাস শূন্য-নির্গমনকারী হওয়া আবশ্যক করেছে। শূন্য-নির্গমনকারী বাস এবং চার্জিং স্টেশন সহ সংশ্লিষ্ট চার্জিং অবকাঠামো ক্রয়ের জন্য সহায়তা করতে এই স্টেট বাজেটে পরিবেশ বন্ড আইনের মাধ্যমে 500 মিলিয়ন ডলার প্রদান করা হবে। সেইসাথে, স্কুল ডিস্ট্রিক্টগুলোর এই লক্ষ্য পূরণে সাহায্য করার জন্য স্টেট বাজেটে ডিস্ট্রিক্টগুলোকে 12 বছরের জন্য শূন্য-নির্গমনকারী বাসগুলো লিজ নেয়া বা অর্থায়নের অনুমোদন রাখা হয়েছে, যা বর্তমানের ডিজেল-চালিত বাসগুলোর জন্য পাঁচ বছরের সীমার চেয়ে দ্বিগুণেরও বেশি, এবং শূন্য-নির্গমনকারী বাস ও সংশ্লিষ্ট চার্জিং অবকাঠামোর জন্য পরিবহন সহায়তা প্রদান নিশ্চিত করা হয়েছে।

এই বাজেট নিউ ইয়র্কের স্কুলগুলোতে পরিবেশগত স্থায়ীত্ব নিয়ে আসার জন্য গভর্নর হোকলের অঙ্গীকারের সাথে যোগ হচ্ছে। "নির্মল পানি, নির্মল বায়ু ও সবুজ কর্মসংস্থানের জন্য পরিবেশগত বন্ড আইন" এর সমর্থিত নির্মল সবুজ স্কুল উদ্যোগ 1,000 এরও বেশি সরকারি স্কুলে সেবা প্রদান করবে এবং প্রায় 1 মিলিয়নেরও বেশি শিক্ষার্থীকে উপকৃত করবে। এই কর্মসূচির আওতায় উল্লেখযোগ্য অবকাঠামো উন্নয়ন সম্পন্ন করা হবে, যেমন জিওথার্মাল হিটিং ও কুলিং, সৌরশক্তি, সবুজ ছাদ, এবং ভবনের ভেতরে বায়ুর মান রক্ষা/ভেন্টিলেশন। এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ শুধু স্টেটের অর্থনীতিকে উন্নতই করবে না, বরং যথাযথ সংস্থান না পাওয়া সরকারি স্কুলগুলোতে নির্মল জ্বালানি ও একটি অধিকতর স্বাস্থ্যকর ইনডোর পরিবেশ নিয়ে আসার মাধ্যমে জলবায়ু ন্যায়বিচারকে এগিয়ে নেবে।

**জলবায়ু বান্ধব বাড়ি**

2030 সালের মধ্যে ন্যূনতম 1 মিলিয়ন বিদ্যুৎ সংযোগযুক্ত বাড়ি এবং 1 মিলিয়ন পর্যন্ত বিদ্যুতায়নের জন্য প্রস্তুত বাড়ি উন্নয়নে সহায়তা করার জন্য গভর্নরের অঙ্গীকারের অংশ হিসেবে, এই প্রণীত বাজেটে 25 বিলিয়ন ডলারের, পাঁচ-বছর মেয়াদী একটি বৃহৎ আবাসিক পরিকল্পনার জন্য তহবিল প্রদান করা হবে যা 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি ও সংরক্ষণ করবে এবং আরো বাড়তি 50,000 বাড়ি বিদ্যুতায়ন করবে।

**উপকূলীয় বায়ুশক্তিতে বিনিয়োগ**

এই প্রণীত বাজেটে স্টেটের উপকূলীয় বায়ুশক্তি সাপ্লাই চেইন ও বন্দর অবকাঠামো উন্নয়নের জন্য 500 মিলিয়ন ডলারের বিনিয়োগ অন্তর্ভুক্ত করা হয়েছে। দেশের নেতৃস্থানীয় এই উদ্যোগ ক্রমবর্ধমান শিল্পখাতে 2,000 কর্মসংস্থান তৈরি করবে, এবং একই সাথে নিউ ইয়র্ককে দেশের উপকূলীয় বায়ুশক্তির রাজধানীতে পরিণত করতে সাহায্য করবে।

**পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ তহবিল (Office of Parks, Recreation and Historic Preservation Funding)**

এই প্রণীত বাজেট পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তরের তহবিল 140 মিলিয়ন ডলার বৃদ্ধি করে মোট 250 মিলিয়ন ডলারে উন্নীত করবে। এই বর্ধিত অংশ নিউ ইয়র্ক স্টেটের পার্কগুলোর বৃদ্ধি ও উন্নয়নের জন্য বিনিয়োগ করা হবে। উল্লেখযোগ্য মাত্রার এই বিনিয়োগ নিউ ইয়র্কের ফ্ল্যাগশিপ পার্কগুলোর চলমান রূপান্তরে সাহায্য করবে এবং পার্কের সিস্টেমজুড়ে গুরুত্বপূর্ণ অবকাঠামো প্রকল্পগুলোকে সহায়তা করবে।

এই তহবিল পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তরকে নিউ ইয়র্ক স্টেটের অধিবাসী ও দর্শনার্থীদের জন্য নিরাপদ, উপভোগ্য চিত্তবিনোদনের ও ব্যাখ্যামূলক সুযোগ-সুবিধা প্রদানের মিশন অব্যাহত রাখার সুযোগ করে দিবে। এই দপ্তর নিউ ইয়র্ক স্টেটের মূল্যবান প্রাকৃতিক, ঐতিহাসিক, ও সাংস্কৃতিক সম্পদগুলোর ব্যবস্থাপনাকারী হিসেবে ভূমিকা রাখে। OPRHP 181টি স্টেট পার্ক এবং 35টি ঐতিহাসিক সাইট নিয়ে গঠিত নেটওয়ার্ক, স্টেট পার্ক সিস্টেম পরিচালনা করে। 2021 সালে, এই সিস্টেম রেকর্ড সংখ্যক 78.4 মিলিয়ন দর্শনার্থীকে স্বাগত জানিয়েছে।

পরিবেশ সংরক্ষণ বিভাগ এবং পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর সম্মিলিতভাবে, অ্যাডিরনড্যাক পার্কে 2.6 মিলিয়ন একর এবং ক্যাটস্কিল ফরেস্ট প্রিজার্ভে (Catskill Forest Preserve) আনুমানিক 300,000 একর জায়গা সহ স্টেটব্যাপী 5.35 মিলিয়ন একর উন্মুক্ত জায়গার দেখাশোনা করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন